# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

নং : ম/৯৬/প্রাঃ/ ৮৮২ তারিখ : ০৮/০৭/০৬

প্রেরক : বিদ্যালয় পরিদর্শক,
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

প্রাপক : প্রধান শিক্ষক/প্রধান শিক্ষিকা,
বকচর আদর্শ উচ্চ বিদ্যালয়,
ডাকঘর বালিয়াকান্দি থানা বালিয়াকান্দি জেলা রাজবাড়ী।

**বিষয় : প্রথম স্বীকৃতি দান/স্বীকৃতির সময়সীমা বৃদ্ধি।**

নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, নিম্নোক্ত শর্তসমূহের অধীনে বকচর আদর্শ উচ্চ বিদ্যালয়কে ০১-০১-২০০২ তারিখ থেকে ৩১-১২-২০০৪ তারিখ পর্যন্ত ৩ (তিন) বছরের জন্য অস্থায়ীভাবে প্রথম স্বীকৃতি সহ/স্বীকৃতির সময়সীমা বৃদ্ধি করা হল। বিদ্যালয়ে জাতীয় পাঠ্যক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের নির্ধারিত পাঠ্যসূচি ও কর্তৃপক্ষ বোর্ড কর্তৃক অনুমতিপ্রাপ্ত বিষয়সমূহ পাঠ দান করতে হবে এবং প্রদত্ত মেয়াদকালের মধ্যে পরবর্তী স্বীকৃতির সময়সীমা বৃদ্ধির জন্য ফি জমাসহ আবেদন পেশ ও আরোপিত শর্তাদি পূরণের ব্যবস্থা করতে হবে।

## শর্তসমূহ :

(১) প্রশিক্ষণ বিহীন স্নাতক শিক্ষক/শিক্ষিকাগণকে পর্যায়ক্রমে প্রশিক্ষণে প্রেরণসহ জুনিয়র শিক্ষক/শিক্ষিকাদের শিক্ষাগত যোগ্যতা বৃদ্ধির জন্য বিধি মোতাবেক সুযোগ দিতে হবে।

(২) বিদ্যালয়ের স্থায়ী শিক্ষক/শিক্ষিকাগণের জন্য গ্রুপ ইন্সুরেন্স ও প্রভিডেন্ট ফান্ড চালু করে বোর্ডকে অবহিত করতে হবে।

(৩) একজন প্রশিক্ষণ প্রাপ্ত শরীরচর্চা শিক্ষক নিয়োগ করে শিক্ষার্থীদের আবশ্যিকভাবে খেলাধুলায় অংশ গ্রহণ করানো এবং খেলাধুলার মানোন্নয়নে সচেষ্ট হতে হবে।

(৪) বিজ্ঞানাগারের জন্য কমপক্ষে ৫,০০০/০০ (পাঁচ হাজার) টাকার প্রয়োজনীয় বৈজ্ঞানিক সরঞ্জামাদি ক্রয় করে ভাউচারসহ সরঞ্জামের তালিকা পেশ করতে হবে।

(৫) বিদ্যালয় পাঠাগারে, মান সম্মত বিষয়ভিত্তিক আরও ৩০০০/০০ (তিন হাজার) টাকার বই ক্রয় করে ভাউচার ও বইয়ের তালিকা জমা দিতে হবে এবং শিক্ষার্থীদের জ্ঞান প্রসারের লক্ষ্যে তাদের নিকট নিয়মিত বই সরবরাহ করে পাঠাভ্যাস গড়ে তোলার জন্য উৎসাহিত করতে হবে।

(৬) খেলাধুলার মাঠ উন্নয়নসহ বিদ্যালয় আঙ্গিনায় ফুলের বাগান তৈরী এবং বিদ্যালয়ের চারপাশে অধিক সংখ্যক মূল্যবান গাছের চারা রোপন করে বিদ্যালয়ের সৌন্দর্য্য ও আয় বৃদ্ধির ব্যবস্থা করতে হবে।

(৭) বিদ্যালয়ে স্কাউটিং/গার্লস গাইড প্রবর্তন করে নিয়মিত খেলাধুলা, বিতর্ক প্রতিযোগিতা, সাংস্কৃতিক কার্যক্রমসহ অন্যান্য সহপাঠক্রম কার্যাদির বার্ষিক রিপোর্ট জেলা শিক্ষা অফিসারের মাধ্যমে বোর্ডে পাঠাতে হবে।

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

মেমো নং.....

তারিখ :.....

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল :

(১) মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
(২) পরিচালক, বেনবেইজ, নীলক্ষেত, ঢাকা।
(৩) পরিচালক, পরিদর্শন ও হিসাব নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা মন্ত্রণালয়, টেক্সটবুক বোর্ড ভবন, ৬৯/৭০, মতিঝিল, বা/এ ঢাকা।
(৪) পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
(৫) সিষ্টেম এনালিষ্ট, ঢাকা শিক্ষা বোর্ড কম্পিউটার কেন্দ্র।
(৬) জেলা প্রশাসক, রাজবাড়ী
(৭) উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা/
(৮) জেলা শিক্ষা অফিসার, রাজবাড়ী
(৯) উপজেলা নির্বাহী অফিসার, বালিয়াকান্দি
(১০) চেয়ারম্যান, ম্যানেজিং কমিটি বকচর আদর্শ উচ্চ বিদ্যালয়
(১১) সহকারী বিদ্যালয় পরিদর্শক (রেজিষ্ট্রেশন শাখা)।
(১২) অফিস কপি।

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা